

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ জ্যৈষ্ঠ ১৪২১ বঙ্গাব্দ/০১ জুন ২০১৪ খ্রিস্টাব্দ

নং ১১.৬০৪.০০৭.১৬.০০.০৩১.২০১২।—জাতীয় সংসদ সচিবালয় আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ৮নং আইন) এ বর্ণিত ক্ষমতাবলে স্পীকার, জাতীয় সংসদ সচিবালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের (নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ ব্যতীত) সাজ-পোশাক সরবরাহ নীতিমালা, ২০১২, নিম্নরূপে সংশোধন করিলেন, যথা:

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই নীতিমালা জাতীয় সংসদ সচিবালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের (নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ ব্যতীত) সাজ-পোশাক সরবরাহ (সংশোধন) নীতিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। অনুচ্ছেদ ২ এর সংশোধন।—জাতীয় সংসদ সচিবালয়ের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদের (নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ ব্যতীত) সাজ-পোশাক সরবরাহ নীতিমালা, ২০১২, অতঃপর উক্ত নীতিমালা বলিয়া উল্লিখিত, এর অনুচ্ছেদ-২ এর—

(ক) ক্রমিক (ক) এর পরিবর্তে নিম্নরূপ ক্রমিক (ক) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(ক) ‘একক দর’ বলিতে অনুচ্ছেদ ৩ এর আওতায় ৩.১নং হইতে ৩.১১নং টেবিলের পঞ্চম কলামে উদ্ধৃত একক দরকে বুঝাইবে;”;

( ১৪১০৩ )

মূল্য : টাকা ৪.০০

(খ) ক্রমিক (ক) এর পর নিম্নরূপ নূতন ক্রমিক (কক) সন্নিবেশিত হইবে, যথা:—

“(কক) ‘কমিটি’ বলিতে এই নীতিমালার অনুচ্ছেদ ৪ এর ক্রমিক (ঙ) এ বর্ণিত কমিটিকে বুঝাইবে;”।

(গ) ক্রমিক (গ) এর দ্বিতীয় লাইনে উল্লিখিত “চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার” শব্দগুলির পরিবর্তে “চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার (জাতীয় সংসদের অধিবেশনকালীন সময়ে চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার হিসাবে সাময়িকভাবে কর্মরত কর্মচারীসহ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে।

৩। অনুচ্ছেদ ৩ এর সংশোধন।—উক্ত নীতিমালার অনুচ্ছেদ-৩ এর—

(ক) ৩.৫ নং টেবিলের ক্রমিক (২) এর পঞ্চম কলামে উল্লিখিত “২০০.০০” এর পরিবর্তে “২০০০.০০” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে;

(খ) ৩.৬ নং টেবিলের শিরোনামের প্রথম লাইনে উল্লিখিত “চেম্বার রেকর্ড সাপ্লাইয়ারগণ” শব্দগুলির পরিবর্তে “চেম্বার রেকর্ড সাপ্লাইয়ারগণ (জাতীয় সংসদের অধিবেশনকালীন সময়ে চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার হিসাবে সাময়িকভাবে কর্মরত কর্মচারীসহ)” শব্দগুলি ও বন্ধনী প্রতিস্থাপিত হইবে;

(গ) ৩.১০ নং টেবিলের ক্রমিক (৬) এর পর নিম্নরূপ নূতন ক্রমিক (৭) এবং ক্রমিকের বিপরীতে উল্লিখিত তথ্যাদি সংযোজিত হইবে, যথা :—

(৭)	লেডিস ছাতা: ওয়াটার প্রুফ উন্নতমানের কাপড় দ্বারা তৈরি স্ট্যান্ডার্ড সাইজের ছাতা।	১টি	২ বছর	২০০.০০
-----	---	-----	-------	--------

৪। অনুচ্ছেদ-৪ এর সংশোধনী।—উক্ত নীতিমালায় অনুচ্ছেদ-৪ এর—

(ক) ক্রমিক (ক) এ উল্লিখিত “তবে স্পীকার, ডেপুটি স্পীকার, সংসদ উপনেতা, চীফ হুইপ ও হুইপগণের কার্যালয়” শব্দগুলি ও কমাগুলির পরিবর্তে “তবে সংসদ নেতা, সংসদ উপনেতা, স্পীকার, ডেপুটি স্পীকার, বিরোধী দলীয় নেতা, বিরোধী দলীয় উপনেতা, চীফ হুইপ ও হুইপগণের কার্যালয়” শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত হইবে;

(খ) ক্রমিক (ঙ) এর পর নিম্নরূপ নূতন ক্রমিক (ঙঙ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(ঙঙ) ক্রমিক (ঙ) এ উল্লিখিত কমিটি সাজ-পোশাকের নমুনা সংগ্রহ করিবার সময় প্রয়োজনের নিরিখে প্রতিটি আইটেমের একক দর অপেক্ষা ১৫% অধিক মূল্যে নমুনা সংগ্রহ করিতে পারিবে এবং সেই সংগ্রহ মূল্য সেই সব আইটেমের ক্ষেত্রে প্রাক্কলিত মূল্য বলিয়া বিবেচিত হইবে;”।

৫। অনুচ্ছেদ-৪ক এর সন্নিবেশ।—উক্ত নীতিমালায় অনুচ্ছেদ-৪ এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ৪ক সন্নিবেশিত হইবে, যথা:—

“৪ক। **ইউনিফর্মের হেফাজত**।—জাতীয় সংসদের অধিবেশনকালীন সময়ে চেম্বার রেকর্ড সাপ্লাইয়ার হিসাবে সাময়িকভাবে কর্মরত কর্মচারীদেরকে অধিযাচন অনুযায়ী প্রদত্ত ইউনিফর্ম প্রত্যহ অধিবেশন মূলতবী হইবার পর বা প্রযোজ্য ক্ষেত্রে সমাপ্ত হইবার পর উহা চাহিদা প্রদানকারী কর্মকর্তার হেফাজতে রাখিতে হইবে।”।

স্পীকারের আদেশক্রমে

মোঃ আশরাফুল মকবুল

সিনিয়র সচিব।